



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.৪৩

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮

১৩ সেপ্টেম্বর ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি গঠন ও নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে এ বোর্ডের আওতাধীন সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ জনিত মহামারির কারণে ১৮-০৩-২০২০ তারিখ হতে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিপাঠদান বন্ধ ঘোষণা করা হয়। শ্রেণিপাঠদান বন্ধ থাকায় এ বোর্ডের আওতাধীন সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি গঠন ও নির্বাচন সংক্রান্ত কার্যক্রম এ বোর্ডের ৩৭.১১.৪০৪১.২০১.১৮.০০১.২০.৬ তারিখ ১৭-০৪-২০২০ খ্রি. স্মারক মোতাবেক স্থগিত ঘোষণা করা হয়। ১২-০৯-২০২১ খ্রি. তারিখ হতে পুনরায় শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিপাঠদান চালু হওয়ায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ অনুসারে নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি গঠনের কার্যক্রম শুরু করার জন্য বলা হলো।

২। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটি/গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির মেয়াদ ৮০ দিন অবশিষ্ট আছে, সে সকল প্রতিষ্ঠানকে বিধিমোতাবেক গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি গঠনের কার্যক্রম শুরু করতে হবে।

৩। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটি/গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির মেয়াদ ৮০ দিন অবশিষ্ট নেই, সে সকল প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে পুনরায় এডহক কমিটি গঠন করতে হবে। এক্ষেত্রে, এডহক কমিটি গঠনের পূর্বনুমতি গ্রহণ করতে হবে না, কমিটি অনুমোদনের জন্য ১৫০০/- (পনের শত টাকা) ফি দিয়ে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

৪। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটি/গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির মেয়াদ ৮০ দিন অবশিষ্ট আছে, সে সকল প্রতিষ্ঠানে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি গঠনে ব্যর্থ হলে, ব্যর্থতার কারণ ব্যাখ্যা করে এডহক কমিটি গঠনের পূর্বনুমতি গ্রহণ করতে হবে এবং কমিটি অনুমোদনের জন্য পূর্ণ হারে (৩০০০/-) ফি প্রদান করতে হবে।

The Intermediate and Secondary Education Ordinance, 1961 (E. P. Ordinance NO. XXXIII OF 1961 ) এর Section II এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

১৩-৯-২০২১

ড. মোল্লা আমীর হোসেন

চেয়ারম্যান

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৩) জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৪) জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৬) অধ্যক্ষ/প্রধানশিক্ষক, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক/মাধ্যমিক/নিম্নমাধ্যমিক বিদ্যালয়
- ৭) কলেজ পরিদর্শক, কলেজ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৮) বিদ্যালয় পরিদর্শক, বিদ্যালয় বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৯) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর